দৈনিক ইত্তেফাক

তারিখ ... 20 JUN 2016 ...
পৃষ্ঠা ...৬...৩... কলাম ...৫...

# ক্ষেতলাল বালিকা বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ বরখাস্ত

■ জয়পুরহাট প্রতিনিধি

জয়পুরহাটের ক্ষেতলাল পাইলট বালিকা উচ্চবিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ সাইফুল ইসলামকে শনিবার দুপুরে বরখাস্ত করা হয়েছে। সেই সঙ্গে ছয় মাসের বেতন-ভাতার টাকা ফেরতেরও নির্দেশ দিয়েছে হাইকোর্ট। জালিয়াতি, দুর্নীতি, প্রতারণা ও অনিয়মের অভিযোগে হাইকোর্টে করা রিট আবেদনের প্রেক্ষিতে ওই রায় দেয়া হয়।

জয়পুরহাট জেলা পরিষদ প্রশাসক ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং ওই কলেজের পরিচালনা কমিটির সভাপতি এস এম সোলায়মান আলী জানান— জালিয়াতি, দুর্নীতি, প্রতারণা ও অনিয়মের অভিযোগ এনে ওই কলেজের সাবেক সভাপতি নবিউল ইসলাম চৌধুরী হাইকোর্টে রিট পিটিশন দাখিল করেন। ওই রিট পিটিশনের ১২ জুন শুনানি অন্তে অধ্যক্ষকে বরখাস্ত ও এমপিওসহ সব কার্যক্রম স্থগিতের নির্দেশ দেয় হাইকোর্ট। এই পরিপ্রেক্ষিতে কলেজের পরিচালনা কমিটির সভাপতি শনিবার হাইকোর্টের নির্দেশমতে অধ্যক্ষকে বরখাস্তসহ ছয় মাসের বেতন-ভাতার টাকা ফেরত দিতে নির্দেশ দিয়েছেন।